



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

“স্মার্ট বাংলাদেশ বিনির্মানে স্মার্ট শিক্ষা” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ জানুয়ারি ২০২৪শ্রিৎ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে “স্মার্ট বাংলাদেশ বিনির্মানে স্মার্ট শিক্ষা” শীর্ষক একটি আলোচনা সভা।

১৮ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ আলোচনা সভার আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ক.দ.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ উন্নত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিক্ষা ব্যবস্থার উপর নির্ভর করে একটি দেশের অর্থনীতিসহ সামগ্রিক উন্নয়ন। যার জন্য প্রয়োজন শিক্ষার গুণগতমান তথা স্মার্ট শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করা। শিক্ষা শুধুমাত্র পরীক্ষায় নম্বর অর্জনের জন্য নয়, শিক্ষা অর্জন করতে হবে মানসিক স্বাস্থ্যের উন্নতি, জগতে বিবেক এবং জ্ঞানের বিকাশ ঘটানোর জন্য। এসময় প্রধান অতিথি আরও বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতি সৌনার বাংলাই হচ্ছে আজকের ডিজিটাল বাংলাদেশ। এ ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে পরিণত করতে হলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন যে শিক্ষাক্রম চালু করেছেন তা আমাদের সাদরে গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন (ভারপ্রাপ্ত) ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লেসা মুজিব হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) ড. হেনা রানী বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম। আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী এবং সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৪-এ দ্বিতীয়

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়